# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 02-03-2025 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে বাম ছাত্র সংগঠনগুলির বিক্ষোভে উত্তাল যাদবপুর বিশ্ববিদ্যালয়। ওয়েবকুপা-র সম্মেলনে যোগ দিতে গিয়ে নিগৃহীত রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু, আহত ছাত্র সহ বেশ কয়েকজন।

২) বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে আসা লগ্নি প্রস্তাবগুলির বাস্তবায়নের লক্ষ্যে আগামীকাল ফের বৈঠকে বসছে রাজ্য সরকার।

৩) ভোটার সংক্রান্ত বিষয়ে নদীয়ার শান্তিপুরের বিডিও-র বিরুদ্ধে নিজের ইচ্ছামতো সর্বদলীয় বৈঠক ডাকার অভিযোগ তুলেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

৪) পবিত্র রামজান মাসের আজ প্রথম দিন।

৬) চলতি মাস থেকেই রাজ্যে তাপমাত্রার পারদ স্বাভাবিকের থেকে বেশি থাকবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

৭) আইএসএল ফুটবলে যুবভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল আজ বেঙ্গালুরু এফসির মুখোমুখি হচ্ছে।

---

ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে বাম ছাত্র সংগঠনগুলির বিক্ষোভ এবং শাসক দল সমর্থিত শিক্ষক সমিতি ওয়েবকুপার সম্মেলনে যোগ দিতে এসে রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর নিগ্রহের ঘটনায় গতকাল যাদবপুর বিশ্ববিদ্যালয় উত্তাল হয়ে উঠে। দফায় দফায় উত্তেজনা ছড়ায় ক্যাম্পাস এবং লাগোয়া এলাকায়।

ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে গতকাল সকাল থেকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে তুমুল উত্তেজনা ছিল। 'ওয়েবকুপা'-র সভার আগে অশান্ত হয়ে ওঠে বিশ্ববিদ্যালয় চত্বর। এক সময় ওয়েবকুপার সদস্যদের সঙ্গেও ধস্তাধস্তিতে জড়িয়ে পড়ে বাম ছাত্র সমর্থকরা। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু সভাতে যোগ দিতে গেলে আন্দোলনরত পড়ুয়াদের বিক্ষোভের মুখে পড়েন তিনি। দেওয়া হয় 'গো ব্যাক স্লোগান'। শিক্ষা মন্ত্রীর গাড়ি সহ বেশ কয়েকটি গাড়ির কাঁচ ভেঙে দেওয়া হয় বলে অভিযোগ। ধস্তাধস্তির জেরে আহত হন শিক্ষামন্ত্রী সহ কয়েকজন। ব্রাত্য বসুর কোমরে এবং হাতে চোট লেগেছে বলে সূত্রের খবর। যাদবপুরের অধ্যাপক তথা ওয়েবকুপার সদস্য ওম প্রকাশ মিশ্রকে তাড়া করেন বাম এবং অতি বাম সংগঠনের কয়েকজন পড়ুয়া। শিক্ষা মন্ত্রীর গাড়ির ধাক্কায় এক SFI সমর্থক আহত হয়েছেন বলেও অভিযোগ। ব্যপক ভাংচুর চলে তৃণমূল কংগ্রেস সমর্থিত শিক্ষাকর্মীদের একটি কার্যালয়েও। ঘটনার প্রতিবাদে এইট-বি বাসস্টয়ান্ড লাগোয়া এলাকা ও যাদবপুর থানার সামনে পথ অবরোধ করেন SFI ও বাম সংগঠনগুলির সদস্যরা।

এই ঘটনাকে কেন্দ্র করে সন্ধ্যায় নতুন করে উত্তেজনা ছড়ায় যাদবপুরে। যাদবপুর থানার সামনে থেকে পুলিশ অবরোধ তুললেও পরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সামনে মিছিল করে এসএফআই। বিশ্ববিদ্যালয় চত্বরে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে নিগ্রহের প্রতিবাদে সন্ধ্যা ৭টায় সুকান্ত সেতু থেকে মিছিলের ডাক দিয়েছিল তৃণমূল। মিছিলে যোগ দেন

যাদবপুরের সাংসদ সায়নী ঘোষ, রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস প্রমুখ। উল্টো দিকে হাজির হন বাম ছাত্র সংগঠন এসএফআই-এর সদস্যেরা। দু'পক্ষের মধ্যে স্লোগান, পাল্টা স্লোগান চলতে থাকে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে হিমশিম খেতে হয় পুলিশকে। পরবর্তী কর্মসূচি স্থির করতে বিশ্ববিদ্যালয়ের জেনারেল বডি (জিবি)-র বৈঠকে বসেছেন বিক্ষোভকারী পড়ুয়ারা। রাত সাড়ে ৯টা নাগাদ আচমকা আগুন লাগে তৃণমূল সমর্থিত কর্মী সংগঠন 'শিক্ষাবন্ধু'র অফিসে। কী ভাবে আগুন লাগল তা এখনও জানা যায়নি। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনার পর আহতদের দেখতে কেপিসি হাসপাতালে গিয়েছিলেন উপাচার্য ভাস্কর গুপ্ত। অভিযোগ, সেখানেই তাঁকে কয়েক জন হেনস্থা করেন। ছিঁড়ে দেওয়া হয় জামা।

এদিকে, SFI এক বিবৃতিতে জানিয়েছে, বাম ছাত্র-ছাত্রীরা শিক্ষামন্ত্রীর কাছে ডেপুটেশন জমা দিতে গেলে শাসক দলের দুষ্কৃতিরা তাদের ওপর হামলা চালায়। গুরুতরভাবে কয়েকজন ছাত্র আহত হয়েছেন। তাদের কেপিসি হাসপাতালে ভর্তি করা হয়েছে। এর প্রতিবাদে আগামীকাল ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে এস এফ আই। আজও একাধিক কর্মসূচি রয়েছে তাঁদের। ছাত্র সংগঠন- আইসা শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবী করেছে।

-----------------

বামেরা শিক্ষা প্রতিষ্ঠানে নৈরাজ্য সৃষ্টির চেষ্টা চালাচ্ছে বলে অভিযোগ করেছেন শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু। যে ভাবে অধ্যাপক সংগঠনের অনুষ্ঠানে হামলা চালানো হয়েছে তা পরিকল্পিত বলে তিনি অভিযোগ করেন।

(বাইট – ব্রাত্য)

সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে গনতান্ত্রিক পরিস্থিতি নেই কেন সেই প্রশ্ন তুলেছেন।

(বাইট - সেলিম)

বামফ্রন্টের পক্ষ থেকে যাদবপুর সুলেখা মোড় থেকে যাদবপুর থানা পর্যন্ত প্রতিবাদ মিছিল করা হবে।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনা অনভিপ্রেত, অত্যন্ত দুঃখজনক এবং বেদনাদায়ক বলে মন্তব্য করেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। দীর্ঘদিন রাজ্যে কলেজ ও বিশ্ববিদ্যালয় গুলিতে ছাত্র সংসদের নির্বাচন না হওয়ার কারণে শিক্ষাঙ্গনে অরাজকতা এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয়েছে বলে মন্তব্য করেন শুভঙ্কর বাবু।

অধ্যাপকদের সংগঠন জুটা যাদবপুরের ঘটনার তীব্র নিন্দা করেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকেও ইতিবাচক পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছে তারা। অধ্যাপকদের সংগঠন All Bengal University Teachers' Association- আবুটা-ও এই ঘটনাকে অনভিপ্রেত বলে উল্লেখ করে ছাত্র সংসদ নির্বাচনের দাবির প্রতি সমর্থন জানিয়েছে।

এদিকে, বামপন্থী ছাত্র-ছাত্রীরা শিক্ষামন্ত্রী সহ অধ্যাপক-অধ্যাপিকাদের আক্রমণ করেছে বলে ওয়েবকুপা দাবি করেছে। আক্রমণকারী ছাত্র-ছাত্রীদের বিরুদ্ধে যাদবপুর থানায় এফ আই আর দায়ের করা হয়েছে বলে সংগঠনের তরফে জানানো হয়েছে। শিক্ষামন্ত্রী এবং অন্য অধ্যাপকদের উপর হামলার প্রতিবাদে আজ প্রতিবাদ কর্মসূচি পালন করবেন ওয়েবকুপার সদস্যরা। দুপুর ২টোয় যাদবপুর এইটবি বাসস্ট্যান্ডে এই প্রতিবাদ কর্মসূচি হবে।

এস ইউ সি আই কমিউমিষ্ট যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনার তীব্র নিন্দা করেছে। এক বিবৃতিতে দলের রাজ্য সম্পাদক চন্ডিদাস ভট্টাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ে অবাঞ্ছিত ঘটনা কাম্য নয়। যাদবপুরের ঘটনায় রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসুকে পদ থেকে অপসারণের দাবি জানিয়েছে গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি APDR। সংগঠনের সাধারণ সম্পাদক রঞ্জিত সুর এক প্রেস বিবৃতিতে অভিযোগ করেন, বিশ্ববিদ্যালয়ে অশান্তি বাঁধানোর জন্য শাসকদলের নেতাকর্মীদের সেখানে জড়ো করানো হয়েছিল। অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচন করানোর দাবিকেও সমর্থন জানিয়েছেন রঞ্জিত বাবু।

সিপিআইএমএল লিবারেশন গতকালের ঘটনার উচ্চ পর্যায়ের তদন্ত ও শিক্ষা মন্ত্রীর অপসারণের দাবি করেছে।

-----------------

যাদবপুরের ঘটনার জেরে কোচবিহারের দিনহাটার সিপিআইএম পার্টি অফিস ভাঙচুরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। যাদবপুর বিশ্ববিদ্যালয় শিক্ষা মন্ত্রীকে হেনস্থার প্রতিবাদে গতকাল দিনহাটায় প্রতিবাদ মিছিল বের হয়। এক্সচেঞ্জ মোড় এলাকায় মিছিল থেকে সিপিআইএমের দলীয় কার্যালয়ে হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠে।

-----------------

বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনে আসা প্রায় সাড়ে চার লক্ষ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব বাস্তবায়নের লক্ষ্যে রাজ্য সরকার আরেক দফা বৈঠকে বসছে। আগামীকাল নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে প্রস্তাবিত ওই বৈঠকে বিভিন্ন দফতরের পাশাপাশি শিল্পমহলের প্রতিনিধিরাও উপস্থিত থাকবেন। বিনিয়োগকারীদের জন্য এক

জানালা পদ্ধতিতে বিভিন্ন দফতরের ছাড়পত্র দেওয়া, রাজ্য সরকারের শিল্প বান্ধব নানা নীতির সুযোগ তুলে ধরা কর্মসংস্থান সৃষ্টির মত নানা বিষয় নিয়ে আলোচনা হবে বলে রাজ্য শিল্পন্নোয়ন নিগম সূত্রে জানা গেছে। বৈঠকে অর্থ, শিল্প, ক্ষুদ্রশিল্প, পূর্ত, পঞ্চায়েত, বন, পুর ও নগরোন্নয়ন, শ্রম, আইনসহ মোট ১৪টি দপ্তরের মন্ত্রীরা থাকবেন। বিভাগীয় সচিব এবং সংশ্লিষ্ট আধিকারিকদেরও থাকতে বলা হয়েছে।শিল্পোন্নয়নের লক্ষ্যে শিক্ষা, পরিকাঠামো, পর্যটন, উৎপাদন এবং স্বাস্থ্যের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলির জন্য ছ'টি সেক্টর কমিটি স্থাপন করা হয়েছে। এগুলির মাথায় রয়েছেন হর্ষ নেওটিয়া, উমেশ চৌধুরী ও সঞ্জয় বুধিয়ার মতো প্রথম সারির শিল্পপতিরা। এই বৈঠকে তাঁদেরকেও আসার জন্য অনুরোধ করা হয়েছে।

------------------

ভোটার সংক্রান্ত বিষয়ে শান্তিপুরের বিডিও-র বিরুদ্ধে নিজের ইচ্ছেমতো সর্বদলীয় বৈঠক ডাকার অভিযোগ তুলেছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি। গতকাল এক্স হ্যান্ডলে শান্তিপুরের বিডিও-র স্বাক্ষর করা চিঠি পোস্ট করে শুভেন্দুবাবু লিখেছেন, আগামী ৫ই মার্চ বিকেল সাড়ে তিনটেয় নিজের চেম্বারে সর্বদলীয় বৈঠক ডেকেছেন বিডিও। বৈঠকের আলোচ্যসূচিতে রয়েছে বুথ লেভেল এজেন্ট, মৃত ভোটার, স্থানান্তরিত ভোটার-সহ নানা বিষয়। শুভেন্দুবাবু লেখেন, এই ধরনের সর্বদলীয় বৈঠক শুধুমাত্র সিইও কিংবা নির্বাচন কমিশনের নির্দেশের পরিপ্রেক্ষিতেই করা যায়। কিন্তু, এক্ষেত্রে তা হয়নি।

এদিকে বিরোধী দলনেতার অভিযোগ কমিশনে পাঠানো হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে জানা গিয়েছে।

-------------------

প্রায় এগারো বছর বন্ধ থাকার পরে শিল্প ও বানিজ্য মন্ত্রক জলপাইগুড়ির শিবাজী রোডে চা নিলাম কেন্দ্রটি পুনরায় খোলার সিদ্ধান্ত নিয়েছে। এর আগে আগামী ৫ই মার্চ চা বিক্রীর ক্যাটালগ তৈরি করে তা ওয়েবসাইটে আপলোড করা হবে। ৩১শে মার্চ সরকারি ভাবে চা পাতা নিলাম প্রক্রিয়া শুরু হবে। উল্লেখ্য ২০০৮ সালে চালু হওয়ার পরে চা পাতার অভাবে ২০14 সালে কেন্দ্রটি বন্ধ হয়ে যায়। সেটি ফের চালু করার জন্য সাংসদ জয়ন্ত কুমার রায় সম্প্রতি কেন্দ্রীয় শিল্প ও বানিজ্য মন্ত্রকের সঙ্গে বৈঠক করেন।

------------------

এবছরের উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল। মোট পাঁচ লক্ষ ৯ হাজার পড়ুয়া এবছর পরীক্ষায় বসছেন। ছাত্রদের তুলনায় ছাত্রীর সংখ্যা ৪৭ হাজার ৬৭১ জন বেশি। ২০২৩ সালে যারা মাধ্যমিক পাশ করেছিলেন, তার থেকে এবছর পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৫৫ হাজার কম।

২৩’টি জেলার মোট দু’হাজার ৮৯টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে। স্পর্শকাতর হিসাবে চিহ্নিত করা হয়েছে ১৩৬টি কেন্দ্রকে। ৫২৮ জন বিশেষভাবে সক্ষম পরীক্ষার্থী রাইটার এবং অতিরিক্ত সময় নিয়ে পরীক্ষা দেবেন। এর জন্য পর্ষদের তরফে একটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে যার নম্বর ০৩৩-২৩৩৭০৭৯২।

সকাল ১০’টায় পরীক্ষা শুরুর পাঁচ মিনিট আগে পরীক্ষার্থীদের সামনে প্রশ্নপত্র খোলা হবে।

উল্লেখ্য, রেগুলার কোর্সে এইবারই শেষ বছরের জন্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা নেওয়া হচ্ছে। আগামী বছর থেকে পরীক্ষা হবে সেমেস্টার ব্যবস্থায়।

-----------------

উত্তর দিনাজপুরের গোয়ালপোখরের পর চোপড়ায় পুলিশের হাত থেকে অভিযুক্তকে ছিনিয়ে নিয়ে যাবার অভিযোগ উঠেছে এলাকার লোকজনের বিরুদ্ধে। গতকাল চোপড়ার কালকাপুরের এই ঘটনাকে কেন্দ্র করে এলাকা উত্তপ্ত হয়ে উঠে। জানা গেছে মজিবুর রহমান নামে এক দুষ্কৃতীকে গ্রেফতার করে ভ্যানে তুলতেই গ্রামবাসীদের একাংশ পুলিশের গাড়ির পথ আটকে দাঁড়ান। ছিনিয়ে নেওয়া হয় মজিবুরকে। পুলিশ বাধা দিতে গেলে শুরু হয় ধস্তাধস্তি। খবর পেয়ে চোপড়া থানার বিশাল পুলিশ বাহিনী ও কমব্যাট ফোর্স ঘটনাস্থলে যায়। ওই ঘটনায় অন্তত ২৭ জনকে আটক করা হয়েছে বলে পুলিশ সূত্রে খবর। অভিযুক্তের খোঁজে এলাকায় তল্লাশি শুরু হয়েছে।

-----------------

পানাগড় কাণ্ডে গ্রেফতার হওয়া বাবলু যাদবকে নিয়ে গতকাল ঘটনার পুনর্নির্মাণ করিয়েছে পুলিশ। গত ২৩ শে ফেব্রুয়ারি গভীর রাতে পানাগড়ে মর্মান্তিক দুর্ঘটনায় মৃত্যু হয় সুতন্দ্রা চট্টোপাধ্যায় নামে এক ইভেন্ট ম্যানেজমেন্ট কর্মীর। গত বুধবার রাতে অন্ডাল থেকে মূল অভিযুক্ত বাবলুকে গ্রেফতার করা হয়। শুক্রবার দুর্গাপুর আদালতে হাজির করা হলে বিচারক তাঁকে দুই দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।

-----------------

আজ পবিত্র রমযান মাসের প্রথম দিন। সারা দেশের সাথে রাজ্যের ইসলাম ধর্মাবলম্বীরা আজ থেকে ৩০ দিন সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত

নিরম্বু উপবাসের মধ্যে দিয়ে সিয়াম বা রোজা পালন করবেন নিয়মিত। ৩০ দিন পর আসবে ইদ-উল-ফিতর। মুর্শিদাবাদ থেকে আমাদের জেলা সংবাদদাতা মামুন ফারুকের একটি প্রতিবেদন।

বাইট

-----------------

নদীয়ার মায়াপুরে আজ থেকে শুরু হয়েছে সপ্তাহ ব্যাপী মন্ডল পরিক্রমা। দেশ বিদেশেরহাজার হাজার পুণ্যার্থী এই পরিক্রমায় অংশ নিয়েছেন।

-----------------

রেল মন্ত্রক শিয়ালদা - জলপাইগুড়ি রোড এর মধ্যে একটি নতুন ট্রেন চালু করার অনুমোদন দিয়েছে। রেল দফতর সূত্রে জানা গিয়েছে, প্রতি সপ্তাহে শুক্রবার রাত ১১টা বেজে ৪০ মিনিটে শিয়ালদহ ছেড়ে ট্রেনটি জলপাইগুড়ি রোড স্টেশনে পৌঁছবে দুপুর বারোটা পনেরো মিনিট নাগাদ। সেই ট্রেনই শনিবার রাত সাড়ে আটটায় জলপাইগুড়ি রোড স্টেশন থেকে ছেড়ে রবিবার সকাল আটটা নাগাদ শিয়ালদহে পৌঁছবে। নৈহাটি, কৃষ্ণনগর, বহরমপুর সহ মোট ১১টি স্টেশনে ট্রেন থামবে।

-----------------

চলতি মার্চ মাস থেকেই সর্ব্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের থেকে বেশি থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। প্রাক-বর্ষা তাপপ্রবাহের দিনের সংখ্যাও বাড়তে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন-

বাইট

-------------------

আইএসএল ফুটবলে যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ ইস্টবেঙ্গল, বেঙ্গালুরু এফ সি-র মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ইস্টবেঙ্গল ২২ ম্যাচে ২৭ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার অষ্টম স্থানে আছে। চতুর্থ স্থানে থাকা বেঙ্গালুরুর সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ৩৭ ।

------------------- -------------------